

নীলফামারীতে স্কুল ফিডিংয়ে পচা ডিম

নীলফামারী প্রতিনিধি •

কিশোরগঞ্জে স্কুল ফিডিং প্রকল্পে শিক্ষার্থীদের পচা ডিম ও নিম্নমানের কলা সরবরাহের অভিযোগ উঠেছে। এ ঘটনায় শিক্ষার্থী, অভিভাবক ও এলাকাসীরা মধ্যে স্কেভের সৃষ্টি হয়েছে।

গতকাল সোমবার দুপুরে উপজেলার পুষনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের পচা ডিম দেওয়ার কয়েকটি ছবি সামাজিক মাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। জানা যায়, গত বৃহস্পতিবার ওই বিদ্যালয়ে এসব ডিম সরবরাহ করা হয়।

শিক্ষার্থীদের পুষ্টি নিশ্চিত ও উপস্থিতি বাড়াতে সরকারের উদ্যোগে চালু হওয়া এ প্রকল্পের আওতায় উপজেলায় ১৭৫টি প্রাথমিক বিদ্যালয়ের ২১ হাজার ৩৩৪ জন শিক্ষার্থী রয়েছে। তবে ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিম্নমানের খাবার সরবরাহের অভিযোগ করেছেন অভিভাবকরা।

অভিভাবকদের দাবি, শুধু পুষনা সরকারি প্রাথমিক বিদ্যালয় নয়, উপজেলার আরও কয়েকটি বিদ্যালয়েও একই ধরনের পচা ও নিম্নমানের খাবার দেওয়া হয়েছে। অভিযোগ জানানো হলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকর ব্যবস্থা নেয়নি।